# U.G. 2nd Semester Examination - 2021

## BENGALI

## [HONOURS]

### Course Code : BBNGGEHT5A

### Course Title : আধুনিক বাংলা সাহিত্যের নির্বাচিত পাঠ

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'মেঘনাদবধ' কাব্যের প্রথম সর্গের নাম কী?

খ) ''গজপৃষ্ঠে দেখ ওই কালনেমি'' - 'কালনেমি' কে?

গ) 'মেঘনাদবধ' কাব্যটির শুরুতে কবি কার বন্দনা করেছেন?

ঘ) ''প্রমোদ উদ্যানে কাঁদে দানব নন্দিনী'' — দানব নন্দিনী কে?

ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?

চ) কপালকুণ্ডলা চরিত্রে পাশ্চাত্যের কোন্ নায়িকার প্রভাব আছে?

ছ) ''পথিক তুমি পথ হারাইয়াছ?'' — কে কাকে একথা বলেছে?

জ) ''দিল্লীশ্বরকে কে দমন করবে'' — কার উক্তি? দিল্লীশ্বর কে?



ঝ) 'সমুদ্রের প্রতি' কবিতাটি রবীন্দ্রনাথ কোথাকার সমুদ্র দেখে লেখেন?

ঞ) 'সোনার তরী' কবিতাটির তীব্র সমালোচনা করেছিলেন এমন একজন সমালোচকের নাম লেখো।

ট) 'যেতে নাহি দিব' কবিতাটির রচনাকাল লেখো।

ঠ) 'জনা নাটকটি প্রথম কোথায় অভিনীত হয়?

ড) ''মরি কিংবা মারি,
মিটুক সমর বাঞ্ছা মোর'' — কার উক্তি?

ঢ) 'জনা' নাটকের প্রথম সংলাপটি কার?

ণ) রাজা নীলধ্বজের পুত্র ও কন্যার নাম লেখো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ''নাদিলা কর্বুরদল হেরি বীরবরে / মহাগর্বে।'' — 'কর্বুরদল' শব্দের অর্থ কী?

খ) ''কেমনে পশিবে / লঙ্কাপুরে আজি তুমি?'' — কে কেন একথা বলেছেন?

গ) বঙ্কিমচন্দ্রের মনে কখন কোথায় কপালকুণ্ডলা কাহিনী অঙ্কুরিত হয়?

ঘ) যাত্রীবাহী নৌকা মহাসমুদ্রে এসে পড়লে কে একমাত্র কাঁদেনি এবং কেন সে কাঁদেনি?

ঙ) 'যেতে নাহি দিব' কবিতায় কথকের স্ত্রী কথককে কর্মস্থানে যাওয়ার সময় কী কী বেঁধে দিয়েছিল?

চ) ''হে আদি জননী সিন্ধু'' — রবীন্দ্রনাথ সমুদ্রকে 'আদি জননী' বলেছেন কেন?

ছ) ''নীলধ্বজ রাজার তনয় ধরেছে যজ্ঞের বাজী?'' — একথা কে বলেছেন? 'যজ্ঞের বাজী' বলতে এখানে কী বোঝানো হয়েছে?

জ) 'জনা' নাটকে কয়টি অঙ্ক ও কয়টি গর্ভাঙ্ক আছে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ''হায় নাথ, নিজ কর্মফলে

মজালে রাক্ষস কুল, মজিলা আপনি''- প্রসঙ্গ নির্দেশ করে বক্তার চরিত্রের কোন্ দিক প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের ঐতিহাসিক পটভূমির সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) 'সোনার তরী' কবিতাটি রূপকধর্মী — সংক্ষেপে বিষয়টি বুঝিয়ে দাও।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) বিশ্বের সঙ্গে একাত্মবোধ এবং বিশ্বসৌন্দর্য ও রহস্যের সুতীব্র অনুভূতি 'মানসসুন্দরী' কবিতায় কতখানি প্রকাশিত হয়েছে তার পরিচয় দাও।

খ) 'মেঘনাদবধ' কাব্যের প্রথম সর্গে রাবণ চরিত্রের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা আলোচনা করো।

গ) ট্র্যাজেডি হিসাবে 'জনা' নাটকের সার্থকতা বিচার করো।

---